

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.৩০১.১৫- ৪৫৬

তারিখঃ ২৪ ভাদ্র ১৪২৬ ব.
০৮ সেপ্টেম্বর ২০১৯ খ্রি.

বিষয়ঃ মহামান্য হাইকোর্টে কনটেম্পট পিটিশন নং-৩৩৪/২০১৯ (রিট পিটিশন নং-৬২২৭/২০১০ হতে উদ্ভূত) মামলায় সরকার পক্ষে জবাব দাখিলসহ ইতোমধ্যে গৃহীত ব্যবস্থার হালনাগাদ তথ্যাদি প্রেরণ সংক্রান্ত।

সূত্রঃ (১) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৫.০৫.০০৫.১৯-২০৬, তারিখ: ২২/০৭/২০১৯ খ্রি।
(২) মহামান্য হাইকোর্ট হতে প্রাপ্ত কনটেম্পট পিটিশন নং-৩৩৪/২০১৯ (রিট পিটিশন নং-৬২২৭/২০১০ হতে উদ্ভূত) এর বুলনিশি।
(৩) টিএমইডি-এর স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪৬.০৪.৩০১.১৫- ৪০৪, তারিখ: ০৫/০৮/২০১৯ খ্রি।

উপর্যুক্ত বিষয়ে সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জামালপুর জেলার সদর উপজেলাধীন শরিফপুর দাখিল মাদ্রাসা'র সুপারিনটেনডেন্ট জনাব মুহাম্মদ ওমর ফারুক কর্তৃক দায়েরকৃত কনটেম্পট পিটিশন নং-৩৩৪/২০১৯ (রিট পিটিশন নং-৬২২৭/২০১০ হতে উদ্ভূত) মামলায় সরকার পক্ষে জবাব (compliance) দাখিলের নিমিত্ত ডিএমই কর্তৃক গত ২২.০৭.১৯ তারিখে ২০৬ সংখ্যক স্মারকমূলে প্রয়োজনীয় কাগজপত্রসহ ডিএমই এর বিজ্ঞ আইনজীবী-কে পত্র প্রেরণপূর্বক উহার অনুলিপি টিএমইডিতে প্রেরণ করা হয়।

২। ফলে কনটেম্পট পিটিশন নং-৩৩৪/২০১৯ (রিট পিটিশন নং-৬২২৭/২০১০ হতে উদ্ভূত) মামলার বিষয়ে ডিএমই এর বিজ্ঞ আইনজীবী কর্তৃক গৃহীত ব্যবস্থার হালনাগাদ তথ্যাদি টিএমইডি-কে অবহিতকরণসহ টিএমইডি কর্তৃক গৃহীত ব্যবস্থা মাননীয় কনটেম্পট আদালতের গোচরে নেয়ার নির্দেশনা দিয়ে টিএমইডি হতে সূত্রোক্ত (৩) নং পত্রমূলে ডিএমই বরাবর পত্র প্রেরণ করা হয়।

৩। কিন্তু টিএমইডি এর উক্ত পত্রের পরবর্তীতে কনটেম্পট পিটিশন নং-৩৩৪/২০১৯ (রিট পিটিশন নং-৬২২৭/২০১০ হতে উদ্ভূত) মামলার বিষয়ে ডিএমই এর বিজ্ঞ আইনজীবী কর্তৃক গৃহীত ব্যবস্থার হালনাগাদ তথ্য জানা যায়নি।

৪। ইতোমধ্যে কনটেম্পট পিটিশন নং-৩৩৪/২০১৯ (রিট পিটিশন নং-৬২২৭/২০১০ হতে উদ্ভূত) মামলার গত ১৮/০৭/২০১৯ তারিখের শুনানীয়াস্তে মাননীয় কনটেম্পট আদালত কর্তৃক "Despite such service of notice no one appeared nor filed any reply on behalf of the respondent-contemptors মর্মে বর্ণনা করে রিট পিটিশন নং-৬২২৭/২০১০ মামলার ১৪.১২.১০ খ্রি. তারিখের রায়/আদেশ বাস্তবায়ন না করায় কেন Contemnor- Respondents - এর বিরুদ্ধে আদালত অবমাননার দায়ে কেন আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে না- সেমর্মে ১৫.০৮.১৯ খ্রি. তারিখের পূর্বে কারণ দর্শাতে Contemnor - এর প্রতি পুনরায় নির্দেশ দেয়া হয়েছে। উক্ত আদেশে কপি ০২/৯/২০১৯ তারিখে টিএমইডি এর আইন শাখায় পাওয়া যায়।

৫। এক্ষণে নিয়োক্ত ব্যবস্থা গ্রহণ করা আবশ্যিক-

- কনটেম্পট পিটিশন নং-৩৩৪/১৯ (রিট পিটিশন নং-৬২২৭/১০ হতে উদ্ভূত) মামলায় (১৭/০৬/২০১৯ তারিখের আদেশ অনুযায়ী) মাননীয় কনটেম্পট আদালতে জবাব (compliance) দাখিলের বিষয়ে বিজ্ঞ প্যানেল আইনজীবী'র নিকট ডিএমই হতে গত ২২.০৭.১৯ তারিখের ২০৬ সংখ্যক স্মারকমূলে প্রেরিত পত্রের উপর বিজ্ঞ প্যানেল আইনজীবী কর্তৃক গৃহীত ব্যবস্থার হালনাগাদ তথ্যাদি টিএমইডিকে অবহিত করা;
- কনটেম্পট পিটিশন নং-৩৩৪/২০১৯ (রিট পিটিশন নং-৬২২৭/১০ হতে উদ্ভূত) মামলায় গত ১৮/০৭/২০১৯ তারিখের আদেশ অনুযায়ী মাননীয় কনটেম্পট আদালতে পুনরায় জবাব (compliance) দাখিল করা হয়েছে কি না? না হয়ে থাকলে জবুরিভিত্তিতে (প্রয়োজনে সময় বৃদ্ধির আবেদন দাখিলপূর্বক) জবাব (compliance) দাখিলের ব্যবস্থা করা;
- রিট পিটিশন নং-৬২২৭/২০১০ মামলার ১৪.১২.১০ খ্রি. তারিখের রায়/আদেশ অনুযায়ী টিএমইডি কর্তৃক গৃহীত ব্যবস্থাদির তথ্য মহামান্য আদালতের গোচরে নেয়া;

৬। এমতাবস্থায়, উল্লিখিত মতে ব্যবস্থা গ্রহণপূর্বক গৃহীত ব্যবস্থার তথ্যাদি আগামি ১৬/০৯/২০১৯ খ্রি. তারিখের মধ্যে টিএমইডি-কে অবহিত করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

(মো: আ: খালেদ মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন-৪১০৫০১৫৭।

মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-৩
৩৭/৩/এ, ইন্সটান গার্ডেন রোড, রমনা, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

- সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- অফিস কপি/মাস্টার কপি।

